

# আবেদনপত্র প্রাপ্তি, পূরণ করা এবং দাখিল প্রক্রিয়া সম্পর্কে প্রচার পত্রিকা

## আবেদনপত্র প্রাপ্তি

- ১। আবেদনপত্রগুলো জনগণের ঘরে ঘরে বিনামূল্যে বিতরণ করা হবে।
- ২। ঘরে ঘরে বিতরণ করা আবেদনপত্র কোন কারণে না পেলে, হারালে বা নষ্ট হলে, মনোনীত এন আর সি সেবা কেন্দ্র (এন এস কে) থেকে নতুন আবেদনপত্র সংগ্রহ করা যাবে। আবেদনপত্র অসমীয়া, বাংলা বা ইংরাজী ভাষায় পূরণ করতে হবে।
- ৩। আবেদনপত্র এন আর সি, অসমের ওয়েবসাইট ([www.nrcassam.nic.in](http://www.nrcassam.nic.in)) থেকে ডাউনলোডও করতে পারবেন।
- ৪। খালী আবেদনপত্রের A4 আকারের ফটোকপিও ব্যবহার করতে পারবেন।
- ৫। একটি আবেদনপত্রে পরিবারের 6 (ছয়) জন সদস্যের বিবরণ সন্নিবিষ্ট করা যাবে। 6 (ছয়) জন থেকে অধিক সদস্য থাকা পরিবারের জন্য অতিরিক্ত আবেদনপত্রের আবশ্যিক হবে।

## আবেদনপত্র পূরণ

### সাধারণ নির্দেশনা-

- ১। পরিবারের মুরব্বীকে পরিবারের সব সদস্যের হয়ে আবেদনপত্র দাখিল করতে হবে।
- ২। আবেদনপত্র কিভাবে পূরণ করবেন তার নির্দেশনা আবেদনপত্রে মুদ্রিত আছে।
- ৩। বর্তমানে অসমে বসবাস না করা বা দেশের অন্য যে কোন রাজ্যে অথবা দেশের বাইরে বসবাস করা পরিবারের সদস্যদের নামও আবেদনপত্রে অন্তর্ভুক্ত করাটা পরিবারের মুরব্বীকে নিশ্চিত করতে হবে।
- ৪। সাধারণত পরিবারের মুরব্বী পরিবারের সব সদস্যের বিস্তৃত বিবরণ সন্নিবিষ্ট করে এন আর সিতে নাম অন্তর্ভুক্তির জন্য আবেদনপত্র দাখিল করবেন।
- ৫। প্রাতিষ্ঠানিক গৃহগুলো যেমন, অনাথ আশ্রম, বৃদ্ধাশ্রম, মানসিক রোগীর চিকিৎসালয় ইত্যাদির বাসিন্দাদের ক্ষেত্রে আবশ্যিকীয় তথ্যপাতিসহ আবেদনপত্র দাখিল করার দায়িত্ব এই প্রতিষ্ঠানগুলোর মুরব্বীর।
- ৬। শারীরিকভাবে অক্ষম লোকের ক্ষেত্রে তথ্যপাতিসহ আবেদনপত্র দাখিল করার দায়িত্ব পরিবারের মুরব্বী/আইনী অভিভাবকের।
- ৭। যদি পরিবারের মুরব্বী চাকরিসূত্রে অথবা অন্য কারণে অন্য কোন স্থানে বসবাস করার জন্য আবেদন করতে না পারেন, তাহলে পরিবারের যে কোন একজন দায়িত্বশীল প্রাপ্তবয়স্ক সদস্য আবেদনপত্র দাখিল করতে পারবেন।
- ৮। এন আর সিতে নাম অন্তর্ভুক্তির জন্য 'ডি' ভোটাররাও আবেদন জানাতে পারবেন যদিও, উপযুক্ত বিদেশী ন্যায়াধীকরণের দ্বারা এরকম 'ডি' ভোটারদের বিদেশী নয় বলে ঘোষিত হওয়ার পরই রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীতে নাম অন্তর্ভুক্ত করা হবে।
- ৯। আবেদনপত্র এন আর সি, অসমের ওয়েবসাইট ([www.nrcassam.nic.in](http://www.nrcassam.nic.in)) এ অনলাইনেও দাখিল করতে পারবেন।


### আবেদনপত্র পূরণ করার প্রাথমিক আবশ্যিকতা-

- ১। এন আর সিতে নাম অন্তর্ভুক্তির জন্য যোগ্যতার প্রমাণসূচক নথিপত্র সংগ্রহ এন আর সিতে নাম অন্তর্ভুক্তির জন্য আবেদনপত্র পূরণ করার আগে প্রত্যেকটি পরিবারকে প্রয়োজনীয় নথিপত্রগুলো সংগ্রহ করাটা নিশ্চিত করতে হবে।
- এন আর সিতে নাম অন্তর্ভুক্তির জন্য দুই ধরনের আবশ্যিকতা পূরণ করতে হবে-
- (ক) প্রথম আবশ্যিকতাটি হল, আবেদনকারীকে 1971 সনের 24 মার্চ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রদান করা এবং আবেদনকারীর নিজের অথবা পূর্বপুরুষের নাম নথিভুক্ত হয়ে থাকা নিচের তালিকা-A'তে উল্লেখিত অনুমোদিত নথির যে কোন একটি সংগ্রহ/দাখিল করতে হবে (যার সাহায্যে 1971 সনের 24 মার্চ (মধ্যরাত্রি) পর্যন্ত অসমে বসতি স্থাপন করাটা প্রতীয়মান হয়।

### তালিকা-A' - 1971 সনের 24 মার্চ (মধ্যরাত্রি) পর্যন্ত অসমে বসতি স্থাপন প্রতীয়মান করা এই তালিকাভুক্ত নথির যে কোন একটি সংগ্রহনীয়

- (১) ১৯৫১ সনের রাষ্ট্রীয় নাগরিকপঞ্জী অথবা,
- (২) ১৯৭১ সন পর্যন্ত প্রকাশিত ভোটার তালিকা অথবা,
- (৩) ভূমি এবং রায়ভূমির নথিপত্র অথবা,
- (৪) নাগরিকত্বের প্রমাণপত্র অথবা,
- (৫) স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র অথবা,
- (৬) শরণার্থী পঞ্জীয়ন প্রমাণপত্র অথবা,
- (৭) পাসপোর্ট অথবা,
- (৮) ভারতীয় জীবন বীমা নিগমের পলিসি অথবা,
- (৯) সরকার দ্বারা প্রদত্ত অনুজ্ঞাপত্র/প্রমাণপত্র অথবা,
- (১০) সরকারী/সার্বজনীন খণ্ডের নিযুক্তি সম্পর্কীয় প্রমাণপত্র অথবা,
- (১১) ব্যাঙ্ক/ডাকঘরের হিসাবের নথিপত্র অথবা,
- (১২) জন্মের প্রমাণপত্র অথবা,
- (১৩) বোর্ড/বিশ্ববিদ্যালয়ের শৈক্ষিক প্রমাণপত্র অথবা,
- (১৪) আদালতের নথি/আদালতের প্রক্রিয়াজনিত নথি

এগুলো ছাড়াও অন্য দুটি নথি যেমন (১) বিবাহসূত্রে স্থানান্তরিত মহিলাগণ রাজস্ব চক্র আধিকারিক/গ্রাম পঞ্চায়েতের সচিবের দ্বারা প্রদত্ত প্রমাণপত্র (1971 সনের 24 মার্চ (মধ্যরাত্রি)র পূর্বে বা পরের যে কোন বছরের হতে পারে) এবং (২) 1971 সনের 24 মার্চ (মধ্যরাত্রি)র পূর্বে প্রদত্ত রেশন কার্ড-সমর্থনমূলক নথিরূপে দাখিল করতে পারবেন। এই নথি দুটো ওপরের তালিকা-A র 14 টি নথির যে কোন একটির সঙ্গে সংযোজিত হলে তবেই গ্রহণযোগ্য হবে।




**Office of the State Coordinator of National Registration (NRC)  
Assam  
NRC Details**


Selected District : গোলাঘাট	Village : ওর্ডা নং ৩
Name : শঙ্কর চন্দ্র বরুয়া	Father/Husband Name : কমল কৃষ্ণ
Image District Name : শিবসাগর	Subdivision Name : গোলাঘাট
Thana Town : গোলাঘাট	Mauza : সৌখোরা
House No : 129	Sl. No. In House : 1
Age : 57	Gender : ম
Legacy Data Code : 210-0014-2674	
	
Image Id : 11112332	

Generated by DLDD Version 3.0

চিত্র নং ১ - লিগেসি ডাটা শ্লিপের নমুনা (১৯৫১ সনের এন আর সি)



**Office of the State Coordinator of National Registration (NRC)  
Assam  
Voter Details**

Selected District : কামৰূপ(শেঠ)	Village : বার্ড নং-১১ (শিলপুখুধী)
Name : অমল্য চৌধুরী	Father/Husband Name : নীলকান্ত
Voter Sl. No. : 449	LAC : ৫৮ নং পূর্ব গুরাহাটা সমষ্টি
Image District Name : কামৰূপ	Circle Name : গুৰাহাটা
Subdivision Name : ---	Thana Town : গুৰাহাটা
Mauza : উলুবাধী	Block : 136
Vote Year : 1970	Gender : ম
Legacy Data Code : 160-3011-6409	Age : 25
	
Image Id : 06201076	

Generated by DLDD Version 3.0

চিত্র নং ২ - লিগেসি ডাটা শ্লিপের নমুনা (১৯৭০ সনের ভোটার তালিকা)

**1971 সনের 24 মার্চ (মধ্যরাত্রি) পর্যন্ত অসমে বসবাস করার প্রমাণসাপেক্ষ নথি সংগ্রহ করার সম্পর্কে মনে রাখার বিষয়-**

- ১। 1971 সনের 24 মার্চ (মধ্যরাত্রি) পর্যন্ত যে কোন সময়ে প্রদত্ত তালিকা-A তে উল্লেখিত নথির যে কোন একটি নথি এন আর সিতে নাম অন্তর্ভুক্তির যোগ্যতার জন্য পর্যাপ্ত হবে।
- ২। কেবল 1966 সনের পূর্বের নথিপত্র গ্রহণ হবে বলে প্রচারিত ওজব সম্পূর্ণ ভিত্তিহীন।
- ৩। 1951 সনের রাষ্ট্রীয় নাগরিকপঞ্জী এবং 1971 সনের 24 মার্চ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রকাশিত ভোটার তালিকা, যেভাবে উপলব্ধ আছে, সে মত সমগ্র রাজ্যের নাগরিকপঞ্জী সেবা কেন্দ্র (এন এস কে)গুলোতে সরকার দ্বারা প্রকাশ করা হয়েছে। উক্ত নথির 'প্রিন্টআউট' লিগেসি ডাটা শ্লিপ হিসাবে নাগরিকপঞ্জী সেবা কেন্দ্র থেকে বিনামূল্যে সংগ্রহ করতে পারবেন।
- ৪। এন আর সি ওয়েবসাইট ([www.nrcassam.nic.in](http://www.nrcassam.nic.in)) এর মাধ্যমেও এই সুবিধা গ্রহণ করতে পারবেন।

৫। 1971 সনের 24 মার্চ (মধ্যরাত্রি) পর্যন্ত অসমে বসবাস করার প্রমাণসাপেক্ষ তালিকা-A র ক্রমিক নম্বর 3 থেকে 14 পর্যন্ত উল্লেখিত নথিগুলোর মধ্যে থেকে আবেদনকারীর সঙ্গে থাকা প্রয়োজনীয় গ্রহণযোগ্য নথিপত্র দাখিল করতে হবে। আবেদনকারীর সংগে থাকা প্রয়োজনীয় নথিপত্র হারিয়ে গেলে বা খুজে না পেলে এই নথিপত্রের নকল / প্রত্যায়িত নকল নথিপত্রগুলো প্রদান করা কার্যালয় থেকে সংগ্রহ করতে পারবেন।

৬। পিতৃ-মাতৃর সঙ্গে সম্পর্কের যোগসূত্র স্থাপনের জন্য বিবাহসূত্রে স্থানান্তরিত মহিলাদের রাজস্ব চক্র আধিকারিক/গ্রাম পঞ্চায়েতের সচিবের দ্বারা প্রদত্ত প্রমাণপত্র দাখিল করাটা ঐচ্ছিক, বাধ্যতামূলক নয়। বিবাহিত মহিলাদের সম্পর্কের যোগসূত্র প্রমাণের জন্য দরকারী অন্য বিধিসম্মত নথির অভাব হলে তবেই এমন নথির প্রয়োজন হবে।

৭। 1951 সনের রাষ্ট্রীয় নাগরিকপঞ্জী বা 1971 সনের 24 মার্চ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রকাশিত ভোটার তালিকাগুলোতে নাম, বয়স আদি ভুলভাবে নথিভুক্ত হয়ে থাকলেও ক্ষেত্র পর্যায়ে পরীক্ষণের সময় আবেদনকারী উপযুক্ত ব্যক্তির সঙ্গে সম্পর্কের যোগসূত্র স্থাপনের পর্যাপ্ত সুবিধা পাবেন। এক্ষেত্রে শপথনামা দাখিল করলেও ক্ষেত্র পরীক্ষণের ভিত্তিতে তার গ্রহণযোগ্যতা বিবেচিত হবে।

**তালিকা-A' তে উল্লেখিত এই নথিপত্রগুলো (যে কোন একটি) আবেদনপত্রের কোথায় উল্লেখ করতে হবে?**

1971 সনের 24 মার্চ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রদত্ত নথিপত্রগুলোর প্রসঙ্গ আবেদনপত্রের পৃষ্ঠা C তে থাকা প্রশ্ন 9a এবং প্রশ্ন 9b অথবা প্রশ্ন 10a এবং প্রশ্ন 10b অথবা প্রশ্ন 11a এবং প্রশ্ন 11b র উত্তরে উল্লেখ করতে হবে। এই নথিপত্রগুলোর কেবল ফটোকপিই দাখিল করতে হবে। মূল নথিপত্রগুলো পরীক্ষণের সময় দেখাতে হবে। নথিপত্রগুলো স্ব-প্রত্যায়িত হতে হবে। নথিপত্রের কেবল A4 আকারের ফটোকপি দাখিল করবেন। নথিপত্রের ফটোকপি পৃষ্ঠাটির এক দিকে করবেন, অন্য দিক খালী থাকবে।

(খ) দ্বিতীয় আবশ্যিকতাটি হল, যখন তালিকা-A'র যে কোন একটি নথিতে উল্লেখিত নাম আবেদনকারীর নিজের না হয়ে তার পূর্বপুরুষের, যেমন, পিতৃ বা মাতৃ বা পিতামহ বা মাতামহ বা প্রপিতামহ বা প্রমাতামহ (ইত্যাদি) হবে, তখন আবেদনকারীকে নিচে উল্লেখিত তালিকা-B'র যে কোন একটি নথি দাখিল করতে হবে যার দ্বারা তালিকা-A'র নথিতে নাম থাকা আবেদনকারীর পূর্বপুরুষ, অর্থাৎ পিতৃ বা মাতৃ বা পিতামহ বা মাতামহ বা প্রপিতামহ বা প্রমাতামহ আদির সঙ্গে সম্পর্কের যোগসূত্র স্থাপিত হয়। এই নথিপত্রগুলো বিধিসম্মত এবং সম্পর্কের যোগসূত্র প্রতিপন্ন করার যোগ্য হতে হবে।

### তালিকা-B' - তালিকা-A'র নথিপত্রে উল্লেখিত ব্যক্তির সঙ্গে যোগসূত্র স্থাপনকারী নথি

- (১) জন্মের প্রমাণপত্র অথবা,
- (২) মাটি-বাড়ীর নথিপত্র অথবা,
- (৩) বোর্ড/বিশ্ববিদ্যালয়ের শৈক্ষিক প্রমাণপত্র অথবা,
- (৪) ব্যাঙ্ক/ভারতীয় জীবন বীমা নিগম/ডাকঘরের নথিপত্র অথবা,
- (৫) চক্র আধিকারিক/গ্রাম পঞ্চায়েতের সচিব দ্বারা প্রদত্ত প্রমাণপত্র অথবা,
- (৬) ভোটার তালিকা অথবা,
- (৭) রেশন কার্ড অথবা,
- (৮) অন্য যে কোন বিধিসম্মত গ্রহণযোগ্য নথিপত্র

উদাহরণস্বরূপে, জন্মের প্রমাণপত্রে পিতৃ-মাতৃ এবং সন্তানের নাম এক সঙ্গে একটি নথিতে উল্লেখ থাকার জন্য পিতৃ-মাতৃ এবং সন্তানের মধ্যে সম্পর্কের যোগসূত্র সহজে প্রমাণ করা যাবে। ঠিক সেভাবে, মাটির উত্তরাধিকারসূত্রে হওয়া নামজারীর নথিতে পিতৃ/মাতৃর এবং সন্তানের নামের উল্লেখ পিতৃ-মাতৃর সঙ্গে সন্তানের সম্পর্কের যোগসূত্র প্রমাণ করবে। একই ভাবে ভোটার তালিকায় পিতৃ এবং সন্তানের নাম এক সঙ্গে থাকার জন্য তাদের সম্পর্কের যোগসূত্র এই নথির দ্বারা প্রমাণ করতে পারবেন।

**1971 সনের 24 মার্চ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রদত্ত তালিকা A তে থাকা যে কোন নথিতে উল্লেখিত ব্যক্তির নামের সঙ্গে যোগসূত্র স্থাপন করার সম্পর্কে মনে রাখতে হবে -**

- ১। তালিকা-B তে উল্লেখিত নথিসমূহ সমর্থনমূলক।

২। পিতৃ-মাতৃ বা পূর্বপুরুষের সঙ্গে যোগসূত্র প্রতিপন্ন করার জন্য (১) পরিবারের সদস্য এবং (২) তালিকা-A তে উল্লেখিত নথিপত্রের যে কোন একটিতে উল্লেখিত ব্যক্তিজনের সঙ্গে সম্পর্ক স্পষ্টভাবে প্রতীয়মান করে এমন যে কোন বিধিসম্মত নথি গ্রহণযোগ্য হবে। এধরণের নথিগুলো, প্রদানকারী কর্তৃপক্ষের সঙ্গে থাকা মূল নথির সঙ্গে মিলিয়ে পরীক্ষা করে দেখার মত হতে হবে।

৩। সম্বন্ধ / যোগসূত্রসূচক এই নথিগুলো 1971 সনের 24 মার্চ (মধ্যরাত্রি)এর পূর্বে বা পরেও প্রদান করা হতে পারে।

৪। পিতৃ-মাতৃর সঙ্গে সম্পর্কের যোগসূত্র স্থাপনের জন্য বিবাহসূত্রে স্থানান্তরিত মহিলাদের রাজস্ব চক্র আধিকারিক/গ্রাম পঞ্চায়েতের সচিবের দ্বারা প্রদত্ত প্রমাণপত্র দাখিল করাটা ঐচ্ছিক, বাধ্যতামূলক নয়। বিবাহিত মহিলাদের সম্পর্কের যোগসূত্র প্রমাণের জন্য দরকারী অন্য বিধিসম্মত নথির অভাব হলে তবেই এমন নথির প্রয়োজন হবে।

**তালিকা-'B'তে উল্লেখিত এই নথিপত্রগুলো (যে কোন একটি) আবেদনপত্রের কোথায় উল্লেখ করতে হবে?**

তালিকা-B তে উল্লেখিত নথিগুলোর প্রসঙ্গ আবেদনপত্রের পৃষ্ঠা C তে থাকা প্রশ্ন 9c এবং প্রশ্ন 9d বা প্রশ্ন 10c এবং প্রশ্ন 10d বা প্রশ্ন 11c এবং প্রশ্ন 11d র উত্তরে উল্লেখ করতে হবে। এই নথিপত্রগুলোর কেবল ফটোকপি দাখিল করতে হবে। মূল নথিপত্রগুলো পরীক্ষণের সময় দেখাতে হবে। নথিপত্রগুলো স্ব-প্রত্যাযিত হতে হবে। নথিপত্রগুলোর ফটোকপি কেবল A4 আকারের হয় যেন। নথিপত্রের ফটোকপি পৃষ্ঠার এক দিকে করতে হবে, অন্য দিক খালী থাকবে।

২। পরিবারের প্রত্যেকজন সদস্যের জন্য 2.5 সে.মি. x 2.5 সে.মি. আকারের সাদা পৃষ্ঠভূমিতে তোলা ফটো সংগ্রহ করে নি।

পরিবারের প্রতিজন সদস্যের জন্য আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সর্বশেষ রঙীন ফটো আঠা দিয়ে লাগাতে হবে। ফটোটি মুখমণ্ডলের সম্পূর্ণ সম্মুখ অবস্থান থেকে তুলতে হবে এবং মুখমণ্ডলটি সমগ্র ফ্রেমের 80 শতাংশ (৮০%) ভরে থাকতে হবে। চোখ খোলা অবস্থায় থাকতে হবে এবং নির্দিষ্ট স্থানে সমানভাবে এবং স্পষ্ট দেখতে পারা হতে হবে। ফটোটি সাদা পৃষ্ঠভূমিতে তোলা রঙীন এবং 2.5 সে.মি. x 2.5 সে.মি. আকারের হতে হবে। ফটোটি মাথার ওপরের অংশ থেকে খুঁতনির তল পর্যন্ত স্পষ্ট থাকতে হবে এবং ফ্রেমের ঠিক মধ্যে থাকতে হবে। পেছন দিকে বা মুখমণ্ডলে কোন ধরণের বিভ্রান্তিকর ছায়া থাকতে পারবে না। ধর্মীয় কারণ ছাড়া অন্য কোন কারণে মাথার অংশ ঢেকে রেখে তোলা ফটো গ্রাহ্য হবে না। ধর্মীয় কারণে শিথিলতা থাকলেও খুঁতনির নিচ থেকে কপালের ওপর দিকে এবং মুখমণ্ডলের দুই দিক স্পষ্টভাবে দেখা যেতে হবে। মুখমণ্ডলে স্বাভাবিক ভংগিমা ফুটে উঠতে হবে। ফটোটি ভাল গুণবিশিষ্ট আঠা ব্যবহার করে যথাচিতভাবে লাগাতে হবে। কখনও স্টেপ্লার বা পিন ব্যবহার করবেন না।

**এন আর সি আবেদনপত্র- একটি সংক্ষিপ্ত রূপরেখা**

- **পৃষ্ঠা-A :** আবেদনপত্রের এই পৃষ্ঠাতে ব্যক্তিগত বিবরণগুলো যেমন, নাম, মোবাইল নম্বর, বয়স, লিঙ্গ, শিক্ষা, জীবিকা আদির উল্লেখ করতে হবে।

আবেদনপত্রের পৃষ্ঠা A

- **পৃষ্ঠা-B** এই পৃষ্ঠাতে স্থান সম্বন্ধীয় বিবরণ যেমন, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা এবং জন্মস্থানের বিষয়ে উল্লেখ করতে হবে। এই পৃষ্ঠাতেই সদস্যদের ফটোও লাগাতে হবে।

আবেদনপত্রের পৃষ্ঠা B

- **পৃষ্ঠা-C** এন আর সিতে আবেদনকারীর নাম অন্তর্ভুক্তির জন্য যোগ্যতা অর্জনের অতি গুরুত্বপূর্ণ বিষয়টি এই পৃষ্ঠাতে উল্লেখিত তথ্যগুলোর ভিত্তিতে নির্ণয় করা হবে।

আবেদনপত্রের পৃষ্ঠা C

- **পৃষ্ঠা-D** এই পৃষ্ঠাটি 1971 সনের 24 মার্চ (মধ্যরাত্রি) পর্যন্ত অসমের বাইরে, অন্য স্থানে বসবাস করা লোকের জন্য প্রযোজ্য। অসমে অতীত থেকে বসবাস করা লোক, তাদের পুত্র-কন্যা এবং বংশধরগণ, যারা ভারতীয় নাগরিক এবং 1971 সনের 24 মার্চ (মধ্যরাত্রি) পর্যন্ত অসমের বাইরে, অন্য স্থানে বসবাস করছিলেন, এই পৃষ্ঠাতে তাদের তথ্যপাতি দাখিল করতে হবে।

আবেদনপত্রের পৃষ্ঠা D

**আবেদনপত্র কিভাবে পূরণ করবেন ?**

আবেদনপত্র কালো কালির বল-পয়েন্ট কলম ব্যবহার করে পূরণ করতে হবে। ইংরাজী ভাষায় আবেদনপত্র পূরণ করলে, সব প্রশ্নের উত্তর বড় হাতের অক্ষরে লিখতে হবে। আবেদনপত্রে পরিবারের প্রতিজন সদস্যের ব্যক্তিগত তথ্য নথিভুক্ত হতে হবে। প্রত্যেকটি আবেদনপত্রে পরিবারের 6 (ছয়)জন সদস্যের তথ্য লিখতে হবে। কোন পরিবারে 6 (ছয়)জন থেকে বেশি সদস্য থাকলে অতিরিক্ত আবেদনপত্র ব্যবহার করতে হবে।

**পৃষ্ঠা-A**

সদস্য ক্রমিক নম্বর

পরিবারের মুরব্বী থেকে আরম্ভ করে 1 নং ক্রমিক নম্বর থেকে ক্রম আরম্ভ করতে হবে। কোন পরিবারে 6 (ছয়) জন থেকে বেশি সদস্য থাকলে অতিরিক্ত আবেদনপত্রের প্রয়োজন হবে কিন্তু, অতিরিক্ত আবেদনপত্রের এই স্তম্ভ পরিবারের মুরব্বী থেকে শুরু করার প্রয়োজন নেই। অতিরিক্ত আবেদনপত্রে প্রয়োজন অনুসারে সদস্য ক্রমিক নম্বরের ক্রম 7, 13 বা 19 থেকে আরম্ভ করতে হবে। পৃষ্ঠা A তে উল্লেখিত সদস্য ক্রমিক নম্বরের ক্রম আবেদনপত্রের চারটি পৃষ্ঠাতেই মেনে চলতে হবে। উদাহরণস্বরূপে, কোন একটি কাল্পনিক পরিবারের ক্ষেত্রে পৃষ্ঠা A অর্থাৎ আবেদনপত্রের প্রথম পৃষ্ঠায় যদি পরিবারের মুরব্বীর সদস্য ক্রমিক নম্বর 1, মুরব্বীর স্ত্রীর সদস্য ক্রমিক নম্বর 2, মুরব্বীর পুত্রের সদস্য ক্রমিক নম্বর 3, কন্যার সদস্য ক্রমিক নম্বর 4; তাহলে সদস্য ক্রমিক নম্বর 3 এবং 4 এর প্রথম সন্তানের সদস্য ক্রমিক নম্বর 5 এবং সদস্য ক্রমিক নম্বর 3 এবং 4 এর দ্বিতীয় সন্তানের সদস্য ক্রমিক নম্বর 6 ব্যবহার করা

হয়, তাহলে, সদস্য ক্রমিক নম্বরের এই সব ক্রম আবেদনপত্রের বাকী তিনটি পৃষ্ঠাতেই অনুসরণ করতে হবে।

**প্রশ্ন1a** ব্যক্তির সম্পূর্ণ নাম (পরিবারের মুরব্বী থেকে আরম্ভ করতে হবে)

পরিবারের মুরব্বী থেকে আরম্ভ করে, প্রত্যেক সদস্যের সম্পূর্ণ নাম, পরিবারের সঠিক ক্রমিক নম্বরের বিপরীতে লিখতে হবে। নাম লিখতে দুটি শারী দেওয়া স্থান আংশিক বা সম্পূর্ণভাবে ব্যবহার করতে হবে।

**প্রশ্ন1b** ল্যাণ্ডলাইন / মোবাইল নম্বর

পরিবারের মুরব্বী থেকে আরম্ভ করে, প্রত্যেক সদস্যের সম্পূর্ণ নাম, পরিবারের সঠিক ক্রমিক নম্বরের বিপরীতে লিখতে হবে। নাম লিখতে দুটি শারী দেওয়া স্থান আংশিক বা সম্পূর্ণভাবে ব্যবহার করতে হবে।

আবেদনপত্রে ঘরে থাকা আত্মীয়-স্বজন এবং ঘরোয়া কাজে নিয়োজিত কর্মচারী/সহায়ক আদির তথ্য লিখবেন না, তাদেরকে তাদের নিজেদের মূল পরিবারের সঙ্গে আবেদন করতে হবে।



